



নির্বাচন অপ্রাধিকার
অতীত জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০৮.১৯-৩৩

তারিখ: ২৫ মাঘ ১৪২৫
০৭ ফেব্রুয়ারি ২০১৯

পরিপত্র-১

বিষয় : ৫ম উপজেলা পরিষদের ২য় পর্যায়ের সাধারণ নির্বাচন উপলক্ষে সময়সূচি জারি, সময়সূচির প্রজ্ঞাপন, রিটার্নিং অফিসার সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ, সময়সূচির গণ-বিজ্ঞপ্তি প্রকাশ, আপিল কর্তৃপক্ষ নিয়োগ, প্রার্থীর যোগ্যতা-অযোগ্যতা ও ছবিসহ ভোটার তালিকার ব্যবহার

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৩ অনুসারে নির্বাচন কমিশন পঞ্চম উপজেলা পরিষদের ২য় পর্যায়ের চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান ও মহিলা-ভাইস চেয়ারম্যান পদে নির্বাচন অনুষ্ঠানের জন্য ০৭ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে জারিকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে নিম্নে বর্ণিত সময়সূচি ঘোষণা করেছেন:

রিটার্নিং অফিসার/ সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র/অনলাইনে মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১৮ ফেব্রুয়ারি ২০১৯	সোমবার
রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	২০ ফেব্রুয়ারি ২০১৯	বুধবার
প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	২৭ ফেব্রুয়ারি ২০১৯	বুধবার
ভোটগ্রহণের তারিখ	:	১৮ মার্চ ২০১৯	সোমবার

২। সময়সূচির প্রজ্ঞাপন: নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত উল্লিখিত সময়সূচির আলোকে ০৭ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে একটি প্রজ্ঞাপন জারি করা হয়েছে। জারিকৃত প্রজ্ঞাপনের অনুলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো (সংলগ্নী-১)।

৩। রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ: উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ৮ অনুসারে নির্বাচন কমিশন উল্লিখিত নির্বাচন পরিচালনার জন্য রিটার্নিং অফিসার নিয়োগ করেছেন এবং উল্লিখিত নির্বাচন অনুষ্ঠান পরিচালনায় রিটার্নিং অফিসারকে সহায়তাদানের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা নির্বাচন অফিসার-কে সহকারী রিটার্নিং অফিসারও নিয়োগ করে প্রজ্ঞাপন জারি করেছে এবং প্রজ্ঞাপনের অনুলিপি এতদসঙ্গে প্রেরণ করা হয়েছে (সংলগ্নী-২)। উল্লেখ্য যে, সদর উপজেলাসমূহে দু'জন করে সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ করা হয়েছে। সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার কর্তৃক উপজেলা নির্বাহী অফিসারকে পৌর এলাকার জন্য এবং উপজেলা নির্বাচন অফিসারকে ইউনিয়ন এলাকার জন্য নির্ধারিত করে দিতে হবে।

৪। সময়সূচি সংক্রান্ত গণবিজ্ঞপ্তি জারি: নির্বাচন সময়সূচি সম্বলিত প্রজ্ঞাপনে অনুলিপি বিধিমালায় বিধি ১৩ এর উপ-বিধি (২) অনুসারে রিটার্নিং অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়, উপজেলা পরিষদ কার্যালয়ের নোটিস বোর্ডে এবং সংশ্লিষ্ট উপজেলার গুরুত্বপূর্ণ ও প্রকাশ্য স্থানে উক্ত প্রজ্ঞাপনের অনুলিপি টাঙিয়ে দিবেন। নির্বাচনের সময়সূচির বিজ্ঞপ্তি জারির সাথে সাথে আপনাকে বিধিমালায় বিধি ১৪ অনুযায়ী উক্ত উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান ও মহিলা-ভাইস চেয়ারম্যান পদে নির্বাচনের জন্য মনোনয়নপত্র দাখিলের আহ্বান জানিয়ে সংযোজিত নমুনায় গণবিজ্ঞপ্তি জারি করতে হবে (পরিশিষ্ট-‘ক’)। গণবিজ্ঞপ্তিতে অনলাইনে মনোনয়নপত্র দাখিল করার সুযোগের বিষয়টিও উল্লেখ করতে হবে।

৫। আপিল কর্তৃপক্ষ নিয়োগ: বিধিমালায় বিধি ১৭ এর উপ-বিধি (৪) এর অধীন যে প্রার্থীর মনোনয়নপত্র রিটার্নিং অফিসার কর্তৃক বাতিল বা ক্ষেত্রমতে গ্রহণ করা হয়েছে সে প্রার্থী বা ক্ষেত্রমতে কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের কোন কর্মকর্তা

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd